**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 11-07-24** **Desk in Charge :**

**Time : 7-35 A.M.** **Compiling :**

**Morning /Day /Evening National/ Regional/ General**

**Opening Announcement** – আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ বিক্ষিপ্ত কিছু অশান্তির অভিযোগ এলেও রাজ্যের চার আসনে গতকালের উপনির্বাচন পর্ব শান্তিপূর্ণ ছিল বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

২/ বিজেপি, বাগদায়-পাঁচ ও মানিকতলায়-৮৯ টি বুথে পুনর্নির্বাচনের দাবি তুলেছে।

৩/ দলীয় ও ব্যক্তিগত কর্মসূচী নিয়ে আজ মহারাষ্ট্র সফরে যাচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

ডাক্তারি প্রবেশিকা পরীক্ষা নিট- UG বিষয়ে আজ ফের সুপ্রিম কোর্টে শুনানি।

৪/ CBI তদন্তের ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার সাধারণ সম্মতি প্রত্যাহার করে নেবার পরেও কেন্দ্রীয় তদন্ত সংস্থার মামলা রুজুর বিরোধিতা করে রাজ্য সরকারের আবেদন, সুপ্রিম কোর্ট গ্রহণ করেছে।

৫/ বাজারদর নিয়ন্ত্রণে আনতে মুখ্যমন্ত্রীর নির্দেশের পর রাজ্য সরকার গঠিত টাস্ক ফোর্স বাজার পরিদর্শন শুরু করেছে।

***********************************************************

বিক্ষিপ্ত কিছু অশান্তির অভিযোগ এলেও রাজ্যের চার আসনে উপনির্বাচন পর্ব শান্তিপূর্ণ ছিল বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

শেষ পাওয়া খবর অনুযায়ী উত্তর দিনাজপুরের রায়গঞ্জ আসনে গড়ে ৭১ দশমিক ২/৯ শতাংশ ভোট পড়েছে। নদীয়ার রাণাঘাট দক্ষিণে ভোট দানের হার ছিল ৭০ দশমিক ৫/৬ শতাংশ। উত্তর ২৪ পরগনার বাগসায় ৬৮ দশমিক ০/১ এবং কলকাতার মাণিকতলা আসনের উপ নির্বাচনে ৫৩ দশমিক ৭/০ শতাংশ ভোট পড়েছে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ডক্টর আরিজ আফতাব জানিয়েছেন, রানাঘাট দক্ষিণ এবং বাগদায় বিভিন্ন ঘটনায় গ্রেপ্তার হয়েছে ৫ জন। মোট গ্রেপ্তারের সংখ্যা- ৩১ । রানাঘাটের পায়রাডাঙায় বিজেপি সমর্থক ও বুথ এজেন্টদের বাড়িতে ভাঙচুরের ঘটনায় গ্রেপ্তার হয় ২৮ জন। বাগদায় বিজেপি প্রার্থীর গাড়ি ভাঙচুরের অভিযোগে গ্রেপ্তার হয়েছে তিন ।

ভোট গণনা আগামী শনিবার, ১৩ই জুলাই।

*******************

বিজেপি, বাগদায় পাঁচটি বুথে পুনর্নির্বাচনের দাবি জানিয়েছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকের দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেন, নির্বাচন কমিশনের কাছে এই দাবি জানানো হয়েছে। পাশাপাশি মানিকতলাতেও ৮৯৮ টি বুথে পুনর্নির্বাচনের দাবি জানানো হয়েছে। শমীক ভট্টচাযার্য অভিযোগ করেন, রাজ্যে তৃণমূল কংগ্রেসের যে ভোট সংস্কৃতি সেভাবেই ভোট হয়েছে। কার্যত পুলিশ এই নির্বাচন পরিচালনা করেছে।

( বাইট – শমীক)

এদিকে, নির্বাচন কমিশন উপনির্বাচনে অবাধ ও শান্তিপূর্ণ ভোট করাতে ব্যর্থ হয়েছে বলে বিজেপি নেতা অর্জুন সিং, তাপস রায় ও উত্তর কলকাতার সভাপতি তমোঘ্ন ঘোষ গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করে অভিযোগ জানান।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ অভিযোগ করেছেন, রাজ্যে চারটি বিধানসভা আসনে উপনির্বাচনে পরাজয় নিশ্চিত জেনেই বিজেপি দু-এক জায়গায় অশান্তি বাধানোর চেষ্টা করেছে। এতে CPIM-এর'ও মদত ছিল বলে তাঁর দাবি। মোটের ওপর অবাধ ও শান্তিপূর্ণভাবে ভোট সম্পন্ন হয়েছে বলে কুনালবাবু জানান।

*******************

দলীয় ও ব্যক্তিগত কয়েকটি কর্মসূচীতে অংশ নিতে তৃনমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তিনদিনের সফরে মহারাষ্ট্র যাচ্ছেন। আজ দুপুরে তিনি কলকাতা থেকে রওনা হয়ে মুম্বাই পৌঁছবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

আগামীকাল তিনি শিবসেনা প্রধান উদ্ধব ঠাকরে ছাড়াও NCP প্রধান শরদ পাওয়ারের সঙ্গে বৈঠক করতে পারেন বলে সূত্রের খবর। পাশাপাশি শিল্পপতি আম্বানিদের এক পারিবারিক অনুষ্ঠানেও তার যোগ দেওয়ার কথা রয়েছে। শনিবার মুখ্যমন্ত্রীর কলকাতায় ফেরার কথা।

*******************

বিভিন্ন সরকারি দফতর ও ভবনগুলিতে বিদ্যুত খরচে রাশ টানতে রাজ্য সরকার ১৬ দফা নির্দেশিকা জারি করেছে। বিদ্যুতের অপচয় নিয়ে মুখ্যমন্ত্রী ক্ষোভ প্রকাশের পর বিভিন্ন দফতরে বিদ্যুত ব্যবহার নিয়ে কঠোর পদক্ষেপ করছে রাজ্য সরকার।

এরই অঙ্গ হিসাবে রাজ্যের মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকার জারি করা নির্দেশিকা সব দফতরে পাঠানো হয়েছে। বিদ্যুতের অপচয় বন্ধ করা কেন জরুরি, তা উল্লেখ করে ওই নির্দেশিকায়, টিফিনের সময় ও ছুটির পরে পাখা, আলো ও অন্যান্য বৈদ্যুতিক উপকরণ বন্ধ রাখতে বলা হয়েছে। পাশাপাশি জারি করা হয়েছে একগুচ্ছ নির্দেশিকা।

সরকারি ভবনে বিদ্যুত ব্যবহারের ওপর নজর রাখতে একজন করে নোডাল অফিসার নিয়োগ করতে হবে। নির্দেশিকা মেনে চলা হচ্ছে কিনা ওই আধিকারিক তা দেখবেন। নির্দেশিকায় আরও বলা হয়েছে, বিদ্যুতের খরচ

কমানোর জন্য অফিসগুলিতে প্রশিক্ষিত কর্মী রাখা হবে। বিদ্যুৎ দফতর তাঁদের জন্য বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করবে। এই নির্দেশিকা সব সরকারি দপ্তর ছাড়াও সরকারি সাহায্যপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি সংস্থা, স্বশাসিত সংস্থা, পুরসভা-পঞ্চায়েতের মতো সংস্থার ভবনের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

*******************

প্রশ্ন ফাঁসের জেরে সুপ্রিম কোর্ট, এবছরের ডাক্তারি প্রবেশিকা পরীক্ষা নিট UG নতুন করে নেবার নির্দেশ দেয় কিনা, আজ সেদিকেই নজর থাকবে সবার। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বাধীন বেঞ্চের নির্দেশ মেনে গতকাল হলফনামা পেশ করে কেন্দ্রীয় সরকার। নিট UG ২০২৪-এ গণহারে অনিয়মের কথা অস্বীকার করে এতে বলা হয়েছে, IIT মাদ্রাজের ডেটা বিশ্লেষণের রিপোর্টে, বিরাট মাপের অনিয়মের ইঙ্গিত যেমন নেই, তেমনই, কোনও একটি জায়গার অনেক পরীক্ষার্থী অনিয়মের সুবিধা নিয়ে অস্বাভাবিক বেশি নম্বর পেয়েছে, এমনও নয়।

এই মামলায় ৮ ই জুলাইয়ের শুনানীতে প্রধান বিচারপতির বেঞ্চ, নিটের প্রশ্ন ফাঁসের ব্যাপ্তি সম্পর্কে কেন্দ্রীয় সরকার ও ন্যাশনাল টেস্টিং এজেন্সির কাছে জানতে চেয়েছিলেন। অনিয়মের সুবিধা নেওয়া পরীক্ষার্থীদের আলাদা করা সম্ভব কিনা, তাও জানাতে বলা হয়।

হলফনামায় জানানো হয়েছে, জুলাইয়ের তৃতীয় সপ্তাহ থেকে চার দফায় নিটের কাউন্সেলিং করাতে চায় কেন্দ্র। কোনও পড়ুয়ার বিরুদ্ধে অনিয়মের প্রমাণ মিললে কাউন্সেলিংয়ের যে কোনও পর্যায়ে বা তার পরেও সেই পড়ুয়ার প্রার্থীপদ খারিজ হয়ে যাবে।

অন্যদিকে, এনটিএ-র পেশ করা হলফনামায় বলা হয়েছে, টেলিগ্রামে চৌঠা মে নিটের প্রশ্নপত্রের ছবির ভিডিওটি ভুয়ো।

উল্লেখ্য, প্রায় ২৪ লক্ষ ছাত্রছাত্রীর ভবিষ্যতের কথা বিবেচনায় রেখে, পুনরায় পরীক্ষা নেওয়া শেষ বিকল্প বলে জানিয়েছিল শীর্ষ আদালত।

*******************

সিবিআই তদন্তের ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার সাধারণ সম্মতি প্রত্যাহার করে নেবার পরেও কেন্দ্রীয় তদন্ত সংস্থার মামলা রুজুর বিরোধিতা করে রাজ্য সরকারের আবেদন, সুপ্রিম কোর্ট গ্রহণ করেছে। এ'ব্যাপারে কেন্দ্রীয় সরকারের প্রাথমিক আপত্তি খারিজ করে দিয়ে বিচারপতি বি আর গাভাই এবং বিচারপতি সন্দীপ মেহেতার বেঞ্চ বলেন, রাজ্য সরকারের আবেদন যুক্তিগ্রাহ্য। আবেদনে বাস্তব তথ্য গোপন করা হয়েছে বলে কেন্দ্রের সওয়াল'ও খারিজ করেছেন বেঞ্চ। শীর্ষ আদালত বলেছে, রাজ্য সাধারণ সম্মতি প্রত্যাহার করে নেবার পরেও CBI মামলা রুজু করে তদন্ত চালিয়ে গেলে তা 'দিল্লি স্পেশাল পোলিস এস্ট্যাবলিশমেন্ট অ্যাক্ট' বা DSPE আইনের ৬ নম্বর ধারা লঙ্ঘন করে কিনা, সেই আইনী প্রশ্ন তুলেছে এই আবেদন-তাই এর শুনানী হবে।

মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, সুপ্রিম কোর্টের বক্তব্যকে স্বাগত জানিয়ে বলেছেন, রাজ্য সরকারকে না জানিয়ে, বা তাদের অন্ধকারে রেখে কেন্দ্রীয় এজেন্সিগুলি নিজেদের কাজ চালাচ্ছিল। রাজ্য সরকারের এটা নৈতিক জয়। যুক্তরাষ্ট্রীয় কাঠামোর ক্ষেত্রেও এই পর্যবেক্ষণ ঐতিহাসিক বলে তিনি মনে করেন।

*******************

ভূমি দপ্তরের কাজে স্বচ্ছতা আনতে রাজ্য সরকার আধিকারিক পর্যায়ের আরো কর্মীকে বদলী করেছে। কলকাতা, হাওড়া সহ বিভিন্ন জেলায় ১৮০ জনের বেশী মহকুমা ও ব্লক ভূমি সংস্কার আধিকারিককে অন্যত্র পাঠানো হয়েছে। শাস্তি মূলক ব্যবস্থা হিসেবে অপেক্ষাকৃত কম গুরুত্বপর্ণ পদে বদলী করা হয়েছে বেশ কয়েকজনকে। এর আগেও বহু আধিকারিককে রাজ্য সরকার বদলীর নির্দেশ দিয়েছে।

*******************

বাজারদর নিয়ন্ত্রণে আনতে মুখ্যমন্ত্রীর নির্দেশের পর রাজ্য সরকার গঠিত টাস্ক ফোর্স বাজার পরিদর্শন শুরু করেছে। গতকাল কাঁকুরগাছির VIP মার্কেটে হানা দেন টাস্ক ফোর্স এবং এনফোর্সেন্ট ব্রাঞ্চের কর্তারা। সঙ্গে ছিল ফুলবাগান থানার

পুলিশ। তাঁরা খুচরো ব্যবসায়ীদের সঙ্গে কথা বলে বিভিন্ন শাক সবজির দাম সম্পর্কে খোঁজ নেন।

আজ টাস্ক ফোর্সের সদস্যরা মাণিকতলা ও কলেজ স্ট্রিট বাজার পরিদর্শন করবেন বলে দলের সদস্য রবীন্দ্রনাথ কোলে জানিয়েছেন।

এনফোর্সমেন্ট ব্রাঞ্চের সদস্যরা গতকাল বোলপুর বাজারে অভিযান চালান। পুরুলিয়া শহরেও প্রতিটি আড়তে এবং বড় সব্জি ব্যবসায়ীদের কাছে গিয়ে বাজারদরের খোঁজ নেয় টাস্ক ফোর্স।

পশ্চিম বর্ধমানের আসানসোলের হোলসেল মার্কেট, দুর্গাপুরের আশিস মার্কেট এবং বর্ধমানের তেঁতুলতলা বাজারেও টাস্ক ফোর্সের অভিযান চলে। সঠিকদামে সবজি বিক্রি হচ্ছে কিনা, তা’ খতিয়ে দেখার পাশাপাশি বিক্রেতাদের ওজন মেশিন পরীক্ষা করে দেখেন আধিকারিকরা। অভিযান চলে জলপাইগুড়ির ধূপগুড়ি শহরের সবজি বাজারেও।

মূল্যবৃদ্ধি রুখতে যে তৎপরতা চলেছে তা’ আগে কেনো দেখা যায়নি, সে প্রশ্ন তুলেছেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী, বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার।

*******************

সরকারি সম্পত্তি পুনরুদ্ধারে মুখ্যমন্ত্রীর নির্দেশের প্রেক্ষিতে জলপাইগুড়ির মালবাজার পুরসভা গতকাল বিশেষ অভিযান চালায়। বুলডোজার দিয়ে বহু দোকান ভেঙে দেওয়া হয়েছে। পূর্ত দপ্তরের জায়গা দখল করে ওই দোকানগুলি তৈরী হয়েছিল বলে অভিযোগ।

*******************

উত্তর ২৪ পরগনার আড়িয়াদহে মা–ছেলেকে রাস্তায় ফেলে মারধোরের ঘটনায় এলাকার ত্রাস জয়ন্ত সিং গ্রেফতার হওয়ার পর স্থানীয় তালতলা স্পোর্টিং ক্লাবের ভেতরে একজনকে এই দুষ্কৃতী ও তার দলবলের লাঠিপেটা করার ভাইরাল ভিডিওর ভিত্তিতে পুলিশ ৬ জনকে গ্রেফতার করেছে।

২০২১ সালের ওই ঘটনা ছাড়াও এক নাবালককে ক্লাবের মধ্যে বিবস্ত্র করে নৃশংস অত্যাচার এবং অস্ত্র চালনার প্রশিক্ষণের ভিডিও প্রকাশ্যে আসে। ব্যারাকপুরের পুলিশ কমিশনার অলোক রাজোরিয়া গতকাল সাংবাদিক বৈঠক করে জানান, সমস্ত অভিযোগ নিয়েই মামলা রুজু করা হয়েছে। অপরাধীরা গ্রেফতার হবে।

(বাইট– অলোক রাজোরিয়া)

এদিকে, ধৃত ৬ জনকে গতকাল ব্যারাকপুর আদালতে তোলা হলে, আগামী মঙ্গলবার পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়।

*******************

কেন্দ্রীয় সরকার সামুদ্রিক নিরাপত্তা ও আকাশ পথের সুরক্ষায় সব সময় সক্রিয় বলে প্রতিরক্ষা প্রতিমন্ত্রী সঞ্জয় শেঠ জানিয়েছেন। কলকাতায় গতকাল 'গার্ডেনরিচ শিপ বিল্ডার্স এন্ড ইঞ্জিনিয়ার্স'- GRSE-র এক অনুষ্ঠানে তিনি বলেন, প্রযুক্তিগত অগ্রগতির সাহায্য নিয়ে এবং নিষ্ঠার সঙ্গে সরকার সমুদ্র নিরাপত্তা ও সশস্ত্র বাহিনীর শক্তি বৃদ্ধি করবে।

প্রতিরক্ষা প্রতিমন্ত্রী গতকাল কলকাতায় ' GRSE অ্যাক্সিলারেটেড ইনোভেশন নার্চারিং স্কিম' বা গেনস্ ২০২৪-এর উদ্বোধন করেন। এই উদ্ভাবনী প্রকল্পটি শিপ ইয়ার্ড সম্পর্কিত বিভিন্ন সমস্যার সমাধান করবে। ভারতীয় স্টার্ট-আপগুলিকে ব্যবহার করে দেশীয় প্রযুক্তির প্রসার এবং প্রযুক্তির বিকাশে স্টার্টআপ এবং ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগগুলিকে উৎসাহিত করবে। এই প্রকল্প, কেন্দ্রের 'মেক ইন ইন্ডিয়া' এবং 'স্টার্ট-আপ ইন্ডিয়া' নীতির সঙ্গে সামঞ্জস্য রেখে চলবে বলেও শ্রী শেঠ জানিয়েছেন।

অনুষ্ঠানে জিআরএসই-র চেয়ারম্যান পি আর হরি সহ বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

*******************

আসন্ন বন মহোৎসব উপলক্ষ্যে বৃক্ষরোপণ নিয়ে সচেতনতা বাড়াতে রাজ্যের বন দপ্তর তিনিটি সুসজ্জিত ট্যাবলোর সূচনা করেছে।

**গতকাল অরণ্য ভবনে সবুজ পতাকা নেড়ে ট্যাবলোগুলির যাত্রার সূচনা করেন মুখ্য বনপাল নীরজ সিংঘল। আগামী ১৪’ই জুলাই থেকে সপ্তাহ ব্যাপী বন মহোৎসব পালিত হবে।**

*******************

মৌসুমী অক্ষরেখা এবং ঘূর্ণাবর্তের প্রভাবে উত্তরবঙ্গে ১৩-ই জুলাই পর্যন্ত ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দফতর। কোথাও কোথাও অত্যধিক ভারী বৃষ্টির সম্ভাবনা। তারপর থেকে বৃষ্টির পরিমাণ সামান্য কমবে।

অন্যদিকে, দক্ষিণবঙ্গে বর্ষা প্রবেশ করলেও বৃষ্টির ঘাটতি এখনও যথেষ্ট।

রাজ্যের শস্যগোলা হিসেবে পরিচিত পূর্ব বর্ধমানে এই ঘাটতি দুশ্চিন্তায় ফেলেছে কৃষকদের ।

*********************************************************